দৈনিক ইত্তেফাক

তারিখ 6 FEB 2017

# জেলা পরিষদ কার্যালয়

**পিরোজপুর**

**www.zppirojpur.org**

## "এককালীন শিক্ষা বৃত্তির পুনঃ বিজ্ঞপ্তি"

২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট বরাদ্দের আওতায় পিরোজপুর জেলা পরিষদের নিজস্ব তহবিল থেকে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য এ জেলাধীন বিভিন্ন উপজেলার গরিব ও মেধাবী ছাত্র/ছাত্রী যারা ২০১৬ সনে এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের জন্য পিরোজপুর জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

**শর্তাবলী :**

০১। আবেদনকারী ছাত্র/ছাত্রীদের অবশ্যই পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। যে সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ১.০০ (এক) লক্ষ টাকার নিম্নে শুধু তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

০৩। ২০১৬ সালের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে (জিপিএ-৫) প্রাপ্ত হতে হবে।

০৪। মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য ও প্রতিবন্ধী প্রার্থীদের জিপিএ-৪.৫০ থাকতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি ও প্রতিবন্ধীদের সংশ্লিষ্ট সমাজসেবা অফিস হতে প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫। অফিস চলাকালীন জেলা পরিষদ কার্যালয়, পিরোজপুর এবং জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে বৃত্তি ফরম সংগ্রহ করা যাবে। এ ছাড়া জেলা পরিষদ, পিরোজপুর এর ওয়েব সাইট হতে আবেদনপত্র ডাউনলোড করা যাবে।

০৬। আবেদনকারীকে নিজ হাতে আবেদন ফরম পূরণ করতে হবে।

০৭। আবেদন পত্রের সাথে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।

ক) এসএসসি/এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (সত্যায়িত হতে হবে)।

খ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/অফিস প্রধান (চাকুরীজীবীদের ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র।

গ) জেলার স্থায়ী বাসিন্দা মর্মে নাগরিকত্ব সনদপত্র।

০৮। বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ০৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পিরোজপুর জেলা পরিষদ কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

০৯। প্রয়োজনীয় বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ, পিরোজপুর কার্যালয়ে জানা যাবে।

১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/ বিয়োজন এবং আবেদন গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। যে সব শিক্ষার্থী এ কার্যালয়ের ২৪/১১/২০১৬ খ্রিঃ তারিখের ২৫৪ (৪) নং স্মারকের বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

(মোঃ ইসমাইল হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পিরোজপুর।
টেলিফোন নং-০৪৬১-৬২৪০৭ (অফিস)
Email: pirojpur.zp@gmail.com

স-৩১৬ (৬×৩)